

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/ উপজেলা কমিটি/২০২১-

তারিখ : ০২/০৮/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ সোমবার ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। জাতীর জনক বঙ্গবন্ধুর ৪৬ তম শাহাদাৎ বার্ষিক উত্থাপন সম্পর্কিত কার্যক্রম আলোচনা।
- ২। স্বাধীনতা দিবস উদযাপন।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। জেলা কালচারাল অফিসার, ময়মনসিংহ।
- ৫। উপজেলা যুব উন্নয়ন অফিসার, গফরগাঁও।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, গফরগাঁও উপজেলা শাখা।
- ৭। চেয়ারম্যান.....ইউ.পি.।
- ৮। জনাব সদস্য, উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ০৯/০৮/২০২১খ্রিঃ, সময় : দুপুর ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	সভাপতি জানান যে ১৫ ই আগষ্ট পালিত হবে জাতির জনক বঙ্গবন্ধুর মুরালে পুষ্পার্ঘ্য অর্পন ও কাঙ্গালী ভোজের মাধ্যমে জাতীয় শোক দিবস। সর্বত্র বিনম্র শ্রদ্ধা ও স্মরণের মাধ্যমে জাতির জনক বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হবে। এছাড়া, গফরগাঁও শহর ও শহরতলীতে বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী পালন হবে বিভিন্ন আয়োজনের মধ্যে। দুপুরে জোহরের নামাজের পরে, আছর এবং মাগরিব নামাজের শেষে মিলাদ মাহফিল ও বিশেষ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। কাঙ্গালী ভোজের মাধ্যমে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালিত হবে। জাতীয় শোক দিবসে পূজা মন্দিরের নানা কর্মসূচি জাতীয় জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে গফরগাঁও পূজার মন্দিরে আলোচনা অনুষ্ঠান ও বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে। ব্যাপক আয়োজনে জাতীয় শোক দিবস পালিত হবে গফরগাঁও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমালা অর্পণ করা হবে। এদিকে শোক দিবসের দিনে সূর্যোদয়ের সাথে-সাথে জাতীয় পতাকা উত্তোলন পূর্বক অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ, বঙ্গবন্ধুর জীবনী ওপর ‘চিরঞ্জীব বঙ্গবন্ধু ও আমাদের বঙ্গবন্ধু’ প্রামাণ্য চিত্র প্রদর্শন, বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক রচনা প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর জীবনী ও মুক্তিযুদ্ধ ভিত্তিক পুস্তক প্রদর্শনী ও পাঠ প্রতিযোগিতা, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, আলোচনা সভা, পবিত্র কোরআন খতম, সকল মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল, সকল মন্দির-গির্জা ও অন্যান্য প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন হবে। এদিকে দিবসটি উপলে আওয়ামী লীগ, সকল অঙ্গ ও সহযোগি সংগঠন জেলার বিভিন্ন স্থানে খাদ্য বিতরণসহ নানান কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় শোক দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০ তম শাহাদৎ বার্ষিকী পালন।	ব্যাপক আয়োজনে গফরগাঁও উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধুর শোকদিবস উৎযাপন করা হবে। দণ্ডেরবাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক ব্যবস্থা নিতে বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।
তারিখঃ : ০৯/০৮/২০২১

স্মারক নং-উ.যু.উ.অ/গ.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ।